

Yohim®

Yohimbine Hydrochloride



Composition:

Yohim® Tablet: Each tablet contains Yohimbine Hydrochloride 5.4mg.

Description:

Yohimbe is the evergreen tree grows in the jungles of West Africa, Cameroon, Congo and Gabon. The medicinal part of yohimbe is the bark & the active ingredient is Yohimbine Hydrochloride. **Yohim®** is a selective alpha-2-adrenoceptor blocker and a weak alpha-1-adrenergic antagonist with some antidopaminergic properties. Yohimbine increases plasma norepinephrine levels by stimulating the rate of norepinephrine release from sympathetic nerves. Because of the alpha-2-adrenergic blockade, Yohimbine Hydrochloride is an effective treatment for sexual disorders such as decreased libido and decreased sexual response, caused by selective serotonin reuptake inhibitors.

Indications & Uses:

- Loss of libido
- Exhaustion
- Erectile dysfunction

Dosage & Administration:

The usual maintenance dose is 1 tablet (5.4mg) 3 times daily for 8 weeks; maximum 2 tablets 3 times for 10 weeks.

It is also recommended, 1 tablet twice daily; if not tolerated, reduced to one-half tablet (2.7mg) daily & gradually increases to 1 tablet (5.4mg) 3 times daily.

Side Effects:

Anxiety, elevated blood pressure, exanthema, nausea, insomnia, tachycardia, tremor and vomiting.

Contraindications:

This drug should not be used by patients with liver and kidney diseases.

Precaution:

Patients taking **Yohim®** should avoid alcohol ingestion.

Drug Interactions:

Yohimbine Hydrochloride may counteract the hypotensive effect of antihypertensive medication, resulting inadequate blood pressure control. It may potentiate pharmaceutical MAO- inhibitors.

Pharmaceutical Precaution:

Store in a cool & dry place, away from light & moisture.

Keep out of reach of the children.

Packs:

Yohim® Tablet: Each box contains 20 tablets in Alu-Alu blister pack.

® Registered Trade Mark

RADIANT
NUTRACEUTICALS

Manufactured by

Radiant Nutraceuticals Ltd. (Herbal Division)

Tongi, Gazipur, Bangladesh

Version : 02

RNP3007

ইয়োহিম®

ইয়োহিমিন হাইড্রোক্লোরাইড



উপাদানঃ

ইয়োহিম® ট্যাবলেট : প্রতিটি ট্যাবলেটে আছে ৫.৪মিগ্রা ইয়োহিমিন হাইড্রোক্লোরাইড ।

বিবরণঃ

চিরসবুজ ইয়োহিমে গাছটি পশ্চিম আফ্রিকা, ক্যামেরুন, কঙ্গো এবং গাবন এর বনে জন্মায় । ইয়োহিমের বাকল ঔষধি গুণ সম্বলিত এবং এটির কার্যকরী উপাদান ইয়োহিমিন হাইড্রোক্লোরাইড । **ইয়োহিম®** কিছু অ্যান্টিডোপামিনার্জিক বৈশিষ্ট্য সম্বলিত একটি নির্দিষ্ট আলফা-২-অ্যাড্রেনোসেপ্টর ব্লকার এবং দুর্বল আলফা-১-অ্যাড্রেনার্জিক অ্যান্টাগোনিস্ট । ইয়োহিমিন স্নায়ুকোষ থেকে নরইপিনেফ্রিন নিঃসরণ বাড়িয়ে দেয়, ফলে রক্তে নরইপিনেফ্রিনের মাত্রা বেড়ে যায় । আলফা-২-অ্যাড্রেনার্জিক ব্লকিং অ্যাকশনের মাধ্যমে ইয়োহিমিন হাইড্রোক্লোরাইড সিলেক্টিভ সেরোটোনিন রি-আপটেক ইনহিবিটর ব্যবহারের ফলে হ্রাসপ্রাপ্ত যৌন আকাঙ্ক্ষা এবং হ্রাসপ্রাপ্ত যৌন অনুভূতি জাতীয় সমস্যার কার্যকরী সমাধান দিতে সক্ষম ।

নির্দেশনা ও ব্যবহারঃ

- হ্রাসপ্রাপ্ত যৌনাকাঙ্ক্ষা
- পরিশ্রান্তি
- ইরেক্টাইল ডিসফাংশন

সেবনমাত্রা ও সেবনবিধিঃ

সাধারণত ১ টি ট্যাবলেট (৫.৪মিগ্রা) দিনে ৩ বার ৮ সপ্তাহ । সর্বোচ্চ মাত্রা দিনে ২ টি ট্যাবলেট ৩ বার ১০ সপ্তাহ পর্যন্ত ।

কার্যকারিতা ও সহনীয়তার উপর ভিত্তি করে ১ টি অথবা অর্ধেক ট্যাবলেট দিনে ২ বার এবং পর্যায়ক্রমিকভাবে বৃদ্ধি করে ১ টি ট্যাবলেট দিনে ৩ বার সেবন করা যেতে পারে ।

পার্শ্বপ্রতিক্রিয়াঃ

দুঃশ্চিন্তা, উচ্চরক্তচাপ, নিদ্রাহীনতা, ট্যাকিকার্ডিয়া, ঠিচুনি এবং বমিভাব হতে পারে ।

প্রতিনির্দেশনাঃ

এই ঔষধ যকৃত এবং কিডনি রোগে আক্রান্ত রোগীদের ব্যবহার করা উচিত নয় ।

সতর্কতাঃ

ইয়োহিম® সেবনকারীদের অ্যালকোহল সেবন বর্জন করা উচিত ।

অন্য ঔষধের সাথে ক্রিয়াঃ

ইয়োহিমিন হাইড্রোক্লোরাইড অ্যান্টিহাইপারটেনসিভ ঔষধের হাইপোটেনসিভ প্রভাবকে বাঁধা দিয়ে রক্তচাপ নিয়ন্ত্রণ ব্যাহত করতে পারে । এটি ফার্মাসিউটিক্যাল এমএও ইনহিবিটরদের প্রভাব বৃদ্ধি করতে পারে ।

ঔষধ বিষয়ক সতর্কতাঃ

আলো এবং আর্দ্রতা থেকে দূরে, ঠান্ডা ও শুষ্ক স্থানে সংরক্ষণ করুন ।

সকল ঔষধ শিশুদের নাগালের বাইরে রাখুন ।

সরবরাহঃ

ইয়োহিম® ট্যাবলেট : প্রতিটি বাক্সে আছে ২০ টি ট্যাবলেট অ্যালু-অ্যালু রিস্টার প্যাকে ।

® রেজিস্টার্ড ট্রেডমার্ক

RADIANT
NUTRACEUTICALS

প্রস্তুতকারক

রেডিয়েন্ট নিউট্রাসিউটিক্যালস লিমিটেড (হারবাল ডিভিশন)

টঙ্গী, গাজীপুর, বাংলাদেশ